



পোল্ট্রি কর্মীরা: বার্ড ফ্লু থেকে নিজেকে সুরক্ষিত রাখুন

বার্ড ফ্লু (যা এভিয়ান ইনফ্লুয়েঞ্জা নামেও পরিচিত) মুরগি, টার্কি এবং হাঁসের মতো পোল্ট্রির মধ্যে ছড়িয়ে পড়তে পারে। H5N1 স্ট্রেইনটি বেশিরভাগ সংক্রান্তি পোল্ট্রি কে মেরে ফেলে।

H5N1 সহ বার্ড ফ্লু সংক্রান্তি পাখির বিষ্ঠা বা শরীরের অন্যান্য নিষ্কৃত তরল পদার্থ স্পর্শ করার মাধ্যমে প্রাণী এবং মানুষের মধ্যেও ছড়িয়ে পড়তে পারে।

আপনি বার্ড ফ্লুতে আক্রান্ত হওয়ার ঝুঁকিতে আছেন কারণ আপনি পোল্ট্রির সাথে সম্পর্কিত কাজ করেন।

সতর্কতামূলক ব্যবস্থা অবলম্বন করুন

অসুস্থ বা মৃত পোল্ট্রি সংক্রান্ত কাজ করার সময় ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম (personal protective equipment, PPE) পরুন।




সেফটি গগলস বা ফেস শিল্ড



N95 মাস্ক




মাথা বা চুল ঢাকার কভার



গ্লাভস



জুতা এবং জুতার কভার



জলরোধী ওভারঅল



জলরোধী অ্যাগ্রিন

PPE পরার আগে এবং খোলার পরে সর্বদা সাবান ও জল দিয়ে আপনার হাত ভালোভাবে ধুয়ে নিন।

পোল্ট্রি সংক্রান্ত কাজ শেষ করার পরে আপনার কাপড় ধুয়ে ফেলুন এবং জুতা জীবাণুমুক্ত করুন।

মানুষের মধ্যে বার্ড ফ্লুর উপসর্গ



চোখ লাল হয়ে যাওয়া,
জ্বালা করা বা জল পড়া



কাশি



গলা ব্যথা



নাক দিয়ে সর্দি পড়া
বা নাক বন্ধ থাকা



জ্বর বা কাঁপুনি




পেশি বা শরীরে ব্যথা



মাথা ব্যথা



ক্লান্সি



শ্বাসকষ্ট



ডায়রিয়া

অসুস্থ বা মৃত পোল্ট্রি সংক্রান্ত কাজ করার পরে আপনার ঘদি এই উপসর্গগুলির কোনোটি দেখা দেয়, তবে আপনার স্বাস্থ্য সেবা প্রদানকারীর সাথে দেখা করুন বা নিউ ইয়র্ক সিটির স্বাস্থ্য বিভাগকে 347-665-0209 নম্বরে কল করুন। চিকিৎসার ব্যবস্থা রয়েছে।

প্রদানকারী খুঁজে পেতে সাহায্যের জন্য, আপনার অভিবাসন স্থিতি বা বীমা স্থিতি নির্বিশেষে, 311 বা 844-692-4692 নম্বরে কল করুন।



আরো তথ্যের জন্য, nyc.gov/health/birdflu এ
যান বা QR কোডটি স্ক্যান করুন।

NYC
Health

12.25 Bengali